গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ শাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৫১২.১৮.০০০৬.২২.৩৩১

তারিখ: ৭ আশ্বিন ১৪৩৩ / ২২ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: সরকারের অগ্রাধিকারভুক্ত কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণের লক্ষ্যে "বিশেষ পরিবীক্ষণ দল গঠন"।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা ভিত্তিক সরকারের **অগ্রাধিকারভুক্ত** কার্যক্রম ফ্যামিলি কার্ড, কৃষক কার্ড, খাল খনন, ডেঙ্গু প্রতিরোধে দেশব্যাপী পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান এবং সোলার প্যানেল স্থাপন কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণের লক্ষ্যে সংযুক্ত তালিকা মোতাবেক ৬৪ জেলার জন্য বিশেষ পরিবীক্ষণ দল গঠন করা হলো।

২। বিশেষ পরিবীক্ষণ দলের কার্যপরিধি:

ক) সরকারের অগ্রাধিকারপ্রাপ্ত ফ্যামিলি কার্ড, কৃষক কার্ড এবং খাল খনন কর্মসূচি মাঠ পর্যায়ে বাস্তবায়নের ক্ষেত্রে কোনো প্রতিবন্ধকতা থাকলে তা পর্যালোচনা করা এবং নিরসনে উদ্যোগ গ্রহণ;

খ) সরকারি/ আধাসরকারি প্রতিষ্ঠানসমূহে সোলার প্যানেল স্থাপন ও নেট মিটারিং ব্যবস্থার অগ্রগতি পরিবীক্ষণ করা;

গ) দেশব্যাপী "ডেঙ্গু প্রতিরোধ ও পরিচ্ছন্নতা অভিযান ২০২৬" কর্মসূচি এবং প্রতি শনিবার নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিবীক্ষণ ও পর্যালোচনা করা; কার্যক্রম আরও কার্যকরভাবে বাস্তবায়নের লক্ষ্যে স্থানীয় প্রশাসনকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;

ঘ) উপর্যুক্ত কার্যক্রমসমূহের বাস্তবায়ন অগ্রগতি, মাঠ পর্যায়ের সমস্যা ও প্রতিবন্ধকতা, গৃহীত পদক্ষেপ এবং প্রয়োজনীয় সুপারিশ সম্বলিত প্রতিবেদন প্রতি মাসের ১৬ তারিখ এবং পরবর্তী মাসের ১ তারিখে নির্ধারিত সিস্টেমে আপলোড করা;

ঙ) দলনেতা সদস্যগণের মধ্যে উপজেলাভিত্তিক সুনির্দিষ্ট দায়িত্ব প্রদান করবেন এবং

চ) গঠিত দলের নিকট কোনো জেলা/উপজেলার কার্যক্রমে কোনো অসঙ্গতি পরিলক্ষিত হলে, প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসককে অবহিত করবে এবং প্রয়োজনে সংশ্লিষ্ট জেলা পরিদর্শন করবেন।

৩। এমতাবস্থায়, সরকারের অগ্রাধিকারপ্রাপ্ত কার্যক্রমসমূহের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণের লক্ষ্যে গঠিত বিশেষ পরিবীক্ষণ দলকে দায়িত্বপ্রাপ্ত জেলার স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: দলের তালিকা

সংযুক্তিঃ
(১) দলের তালিকা

২২-০৯-২০২৬
এ. এইচ. এম. মাহফুজুর রহমান
উপসচিব
ফোন : ২২৬৬৪১০৫৭
ইমেইল : dfal_sec@cabinet.gov.bd

দলনেতা (সকল) বিশেষ পরিবীক্ষণ দল।

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৫১২.১৮.০০০৬.২২.৩৩১/১ (৫)

তারিখ: ৭ আশ্বিন ১৪৩৩ / ২২ সেপ্টেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব/সচিব (সকল)।
২। কমিশনার, সকল বিভাগ।
৩। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
৪। জেলা প্রশাসক (সকল)।
৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

২২-০৯-২০২৬
এ. এইচ. এম. মাহফুজুর রহমান
উপসচিব